বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০০.০২৩.১১.০০০৪.২৬-১৫০

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ২৯ আগস্ট, ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://bhtpa.teletalk.com.bd) আবেদনপত্র আহবান করা যাইতেছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হইবে না।

| ক্র. | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০২ (দুই)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর; | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগপদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>[সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী] | |
| ২. | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | গত ১২ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থীগণ আবেদন করিয়াছেন, তাদের পুনরায় আবেদন করিবার প্রয়োজন নেই। |
| ৩. | সহকারী পরিচালক (প্রকিউরমেন্ট) (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা | |

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ৪. | সহকারী পরিচালক (বিনিয়োগ) (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক)টি | অনুর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/ শিল্প ব্যবস্থাপনা/ ফাইন্যান্স/ মার্কেটিং/ ব্যবসায় প্রশাসন/ ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/ শিল্প ব্যবস্থাপনা/ ফাইন্যান্স/ মার্কেটিং/ ব্যবসায় প্রশাসন/ ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি / শিল্প ব্যবস্থাপনা / ফাইন্যান্স / মার্কেটিং / ব্যবসায় প্রশাসন / ব্যবস্থাপনা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ৫. | সহকারী পরিচালক (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০৯ (নয়)টি | অনুর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ৬. | সহকারী প্রকৌশলী (ই/এম) (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ১০ (দশ)টি | অনুর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইন ইলেকট্রিক্যাল/ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল / মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; | |
| ৭. | সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-৯) বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক)টি | অনুর্ধ্ব ৩২ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; | |

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | | |
| ৮. | রিসার্চ অফিসার<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল :<br>২২,০০০-৫৩,০৬০/- | ০১<br>(এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি / পরিসংখ্যান / শিল্প ব্যবস্থাপনা / ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি / পরিসংখ্যান / শিল্প ব্যবস্থাপনা / ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি / পরিসংখ্যান / শিল্প ব্যবস্থাপনা / ব্যবস্থাপনা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ৯. | জনসংযোগ কর্মকর্তা<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল :<br>২২,০০০-৫৩,০৬০/- | ০১<br>(এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা / আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা / আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা / আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ১০. | সহকারী প্রোগ্রামার<br>(গ্রেড-৯)<br>বেতনস্কেল :<br>২২,০০০-৫৩,০৬০/- | ০৮<br>(আট)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>[সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী] | |
| ১১. | উপ সহকারী প্রকৌশলী (ই/এম)<br>(গ্রেড-১০)<br>বেতনস্কেল :<br>১৬,০০০-৩৮,৬৪০/- | ০১<br>(এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল / ইলেকট্রনিক্স / মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | গত ১২ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখে প্রকাশিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল |

Scanned with CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২. | উপ সহকারী প্রকৌশলী (সিভিল) (গ্রেড-১০) বেতনস্কেল : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০২ (দুই)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | প্রার্থীগণ আবেদন করিয়াছেন, তাদের পুনরায় আবেদন করিবার প্রয়োজন নেই। |
| ১৩. | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০) বেতনস্কেল : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ (এক)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ১৪. | উপ সহকারী পরিচালক (গ্রেড-১০) বেতনস্কেল : ১৬,০০০-৩৮,৬৪০/- | ০৩ (তিন)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা সমানের জিপিএ অথবা তৃতীয় শ্রেণি বা সমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |

**২.০ নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করিতে হইবে:**

(ক) সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।

(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে **সকল পদের প্রার্থীর জন্য ১৮/০৮/২০২৬খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বৎসর।** তবে ক্রমিক ২-৭নং পর্যন্ত পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৪ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের স্মারক নং ৫৬.০২.০০০০.০০০.০০৪.১১.০০১২.২৫.৮২; তারিখ; ১২ অক্টোবর, ২০২৫ খ্রি. প্রকাশিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থীগণ সহকারী পরিচালক (প্রশাসন), উপ সহকারী প্রকৌশলী(ই/এম) এবং উপ সহকারী প্রকৌশলী (সিভিল) পদে আবেদন করিয়াছেন, উক্ত পদসমূহে তাদের পুনরায় আবেদন করিবার প্রয়োজন নেই।

(ঘ) সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করিবার পরামর্শ দেওয়া হইলো।

(ঙ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সংবিধিবদ্ধ সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হইবে। **এছাড়া, অনলাইনে আবেদন করিবার সময় চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করিতে হইবে।**

Scanned with CamScanner

(চ) Online আবেদনপত্রে প্রার্থীকে তাঁর অর্জিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল তথ্যাদি উল্লেখ করিতে হইবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করিবার সুযোগ নেই।

(ছ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হইবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।

(জ) ২-৯ ক্রমিকে উল্লিখিত পদে নিয়োগের লক্ষ্যে মোট ২০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এর মধ্যে ১৭০ নম্বরের ১২০ মিনিট ব্যাপ্তির লিখিত পরীক্ষা (বাংলা ৪৫, ইংরেজি ৪৫, গণিত/কারিগরি ৫০, সাধারণ জ্ঞান ৩০) এবং ৩০ নম্বরের মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্ত।
১১-১৪ ক্রমিকে উল্লিখিত পদে নিয়োগের লক্ষ্যে মোট ১১০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এর মধ্যে ১০০ নম্বরের ৯০ মিনিট ব্যাপ্তির লিখিত পরীক্ষা (বাংলা ৩০, ইংরেজি ৩০, গণিত/কারিগরি ২০, সাধারণ জ্ঞান ২০) এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্ত।
সর্বনিম্ন পাস নম্বর ৫০% এবং কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন। উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হইবে।

(ঝ) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

(ঞ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ট) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

(ঠ) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/সংশোধন/প্রত্যাহার করিবার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করা হলে কোন আবেদনকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করিতে পারিবেন না বা দাবী করিলেও তা আইনানুগভাবে গৃহীত হইবে না।

**৩.০ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://bhtpa.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিতে পারিবেন।

(খ) আবেদনের সময়সীমা নিম্নরূপ:

| | |
|---|---|
| (i) | **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ আগস্ট, ২০২৬ খ্রিঃ সকাল - ০৯:০০ টা।** |
| (ii) | **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিঃ বিকাল ০৫:০০ টা।** |

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হইবে।

(ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করিতে পারিবেন। তবে, পরীক্ষার ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় পরীক্ষার ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত করা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে একটি রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করিবেন। **উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করিবেন।** Applicant's copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নবর্ণিত ছক মোতাবেক "পরীক্ষার ফি"** অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**"পরীক্ষার ফি" এর হার নিম্নরূপ-**

| ক্রম | পদের গ্রেড | পরীক্ষা ফি + টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) |
|---|---|---|
| ১ | ৯ম গ্রেড বা তদূর্ধ্ব | ২০০+২৩ = ২২৩/- |
| ২ | ১০তম গ্রেড | ২০০+২৩ = ২২৩/- |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ৩ | অনগ্রসর নাগরিক: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ | ৫০+৬= ৫৬/- |

**"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না"।**

**প্রথম SMS:**

BHTPA <space> User ID লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

*Example:* BHTPA ABCDEF

*Reply:* Applicant's name, TK. 223/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type BHTPA <space>YES<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:**

BHTPA <space> YES <space> PIN লিখে send করিতে হইবে 16222 নম্বরে।

*Example:* BHTPA YES XXXXXXXX

*Reply:* Congratulations Applicant's name, payment completed successfully for BHTPA. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bhtpa.teletalk.com.bd অথবা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

*i. User ID জানা থাকিলে:*

BHTPA<space>Help<space>User<space>User ID লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

*Example:* BHTPA HELP USER ABCDEF

*ii. PIN Number জানা থাকিলে:*

BHTPA<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।

*Example:* BHTPA HELP PIN ********

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) এবং মোবাইল অপারেটর টেলিটকের পোর্টাল (https://bhtpa.teletalk.com.bd)-এ প্রবেশ করে পাওয়া যাবে। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি (পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য) কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) হতে জানা যাবে।

(ঞ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত আবেদনে সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

## ৪.০ প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হইবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে এবং নবম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মচারী কর্তৃক সকল কাগজপত্রের ০২(দুই) সেট সত্যায়িত দাখিল করিতে হইবে।**

(ক) Online-এ পূরণকৃত Applicant's copy Admit Card কালার প্রিন্ট দাখিল করিতে হইবে।

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

Scanned with CamScanner

(ঘ) সংশ্লিষ্ট কোটা দাবীর সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি। জাতীয় পরিচয়পত্র না থাকিলে তাদের জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত অনুলিপি।

৫.০ সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হইবে।

৬.০ নিয়োগকৃতদের বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারে পদায়ন করা হইবে।

৭.০ উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হইবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করিতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

২৭.০৮-২০২৬

(মো: ফজলুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

স্মারক নং: ৫৬.০২.০০০০.০০০.০২৩.১১.০০০৪.২৬-১৫০

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ২৯ আগস্ট, ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (বিভাগের ওয়েবসাইটে প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।
৪। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের/প্রদর্শনের অনুরোধসহ)।
৫। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

২৭/৮/২০২৬

উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
ফোন: ৫৫০০৬৯৫৫

Scanned with CamScanner